

# সকল আন্দোলনে 'রসদ' যোগায় জগন্নাথ, কিন্তু পরে আর মনে করা হয় না : রইছ উদদীন

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: বুধবার, ০৪ ডিসেম্বর ২০২৪



বায়ান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে সকল আন্দোলনে রসদ যোগায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কিন্তু পরে আর জগন্নাথকে মনে করা হয় না বলে মন্তব্য করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক মো. রইছ উদদীন।

আজ বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে জুলাই বিপ্লবের চেতনাকে সমুন্নত রেখে জাতীয় ঐক্যকে শক্তিশালী করার লক্ষ্যে 'বিপ্লবত্তোর ছাত্র ঐক্য' শীর্ষক ছাত্রসংগঠনের নেতৃত্বের আলোচনা সভায় বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক জোটের তত্ত্বাবধায়নে এই আলোচনা সভাটি অনুষ্ঠিত হচ্ছে।

অধ্যাপক মো. রইছ উদদীন বলেন, আজকে জবি সাংবাদিক জোট বিপ্লবত্তোর ঐক্যের ডাক দিয়েছে। আমাদের প্রথম ঐক্য হবে কোন অপশক্তির সাথে আপস চলবেনা। দ্বিতীয় ঐক্য হবে এই দেশ আমার

জন্মভূমি, এই দেশকে সবার উর্ধ্ব তুলে রাখতে হবে। তৃতীয় ঐক্য হবে, বন্ধু রাষ্ট্র ভারতের রক্ত চক্ষুর বিপক্ষে দাঁড়াতে হবে।

অধ্যাপক মো. রইছ উদদীন বলেন, সকল আন্দোলনে রসদ যোগায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়, কিন্তু পরে সবাই ভুলে যায়। বায়ান্নর ভাষা আন্দোলনে রসদ জুগিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। মুক্তিযুদ্ধ জগন্নাথ, ঢাবি প্রতিষ্ঠিত হয়েছে রসদ জুগিয়েছে জবি। ২৪ এর আন্দোলনে পুলিশের ব্যারিকেড ভেঙেছে জগন্নাথ। শহীদ হয়েছে জগন্নাথের শিক্ষার্থী।

তিনি বলেন, বৈষম্যহীন ছাত্র আন্দোলনকে ধারণ করতে চান তাহলে জগন্নাথের প্রতি আপনাদের কৃতজ্ঞ হতে হবে।

রইছ উদদীন অনুরোধ করে বলেন, দুঃসময়ে যেভাবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে স্মরণ করেছেন, সুসময়েও স্মরণ করবেন।

আজকের এই অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত হয়েছেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সভাপতি মঞ্জুরুল ইসলাম, ছাত্র অধিকার পরিষদের বিন ইয়ামিন মোল্লা, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক রাফিকুজ্জামান ফরিদ এবং অন্যান্য সংগঠনের নেতৃবৃন্দ।